

ফাতওয়া নাস্বার: ৪৪২

প্রকাশকাল: ২০-০১-২০২৪ ইং

আকীকা না করে সেই টাকা সাদাকা করার বিধান

প্রশ্ন:

আকীকার জন্য পশু জবাই না করে, পশুর সমমূল্যের টাকা আল্লাহর রাস্তায় সাদাকা করে দিলে কি আকীকা আদায় হবে?

-আবু হাফিজ

উত্তর:

না, এতে আকীকা আদায় হবে না, সাদাকার সাওয়াব পাওয়া যাবে।

আকীকার জন্য পশু যবাই করা আবশ্যিক। তা না করে পশু কিংবা পশুর মূল্য সাদাকা করে দিলে সাদাকার সাওয়াব পাওয়া যাবে, কিন্তু আকীকা আদায় হবে না। যেমন কুরবানীর ক্ষেত্রে পশু যবাই না করে সাদাকা করলে কুরবানী আদায় হয় না। ইবনুল কায়্যিম রহিমাছুল্লাহ (৭৫১ হি.) বলেন,

فَكَانَ الذَّبْحُ فِي مَوْضِعِهِ أَفْضَلُ مِنَ الصَّدَقَةِ بِثَمَنِهِ وَلَوْ زَادَ كَالْهَدَايَا وَالْأَضَاحِي
فَإِنَّ نَفْسَ الذَّبْحِ وَإِرَاقَةَ الدَّمِّ مَقْصُودٌ فَإِنَّهُ عِبَادَةٌ مَقْرُونَةٌ بِالصَّلَاةِ كَمَا قَالَ تَعَالَى
{فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ} وَقَالَ {قُلْ إِنْ صَلَّيْتُ وَنَسَيْتُ وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ
الْعَالَمِينَ} الْأَنْعَامِ ١٦٢ فَفِي كُلِّ مِلَّةٍ صَلَاةٌ وَنَسِيكَةٌ لَا يَقُومُ غَيْرَهُمَا مَقَامَهُمَا

وَلِهَذَا لَوْ تَصَدَّقَ عَنْ دَمِ الْمُتَنَعَةِ وَالْقِرَانَ بِأُضْعَافٍ أُضْعَافِ الْقِيَمَةِ لَمْ يَقُمْ مَقَامَهُ
وَكَذَلِكَ الْأُضْحِيَّةُ. -تحفة المودود بأحكام المولود (ص: ٦٥)، ط. مكتبة دار

البيان - دمشق

“যেখানে জবাই করার বিধান, সেখানে মূল্য সাদাকা করার চেয়ে জবাই করা অধিক ফযীলতের; যদিও সাদাকা মূল্যের চেয়ে অধিক করে। যেমন হাদি ও কুরবানী (এমনি দুটি বিষয়)। কেননা স্বয়ং জবাই ও রক্ত প্রবাহ করাটা এখানে মাকসাদ। কারণ এ (জবাই) এমনি এক ইবাদত, যার আলোচনা সালাতের আলোচনার সঙ্গে একসাথে করা হয়েছে। যেমন আল্লাহ তাআলা বলেন, ‘অনন্তর আপনি আপনার রবের (সম্ভবিতর) জন্য সালাত আদায় করুন এবং (তারই সম্ভবিতর জন্য) উট জবাই করুন’। তিনি আরও বলেন, ‘আপনি বলুন, নিশ্চয় আমার

تفسير ابن كثير ت سلامة (٨ / ٥٠٣): قال ابن عباس، وعطاء، ومجاهد، وعكرمة، والحسن: يعني بذلك نحر البدين ونحوها. وكذا قال قتادة، ومحمد بن كعب القرظي، والضحاك، والربيع، وعطاء الخراساني، والحكم، وإسماعيل بن أبي خالد، وغير واحد من السلف. ... والصحيح القول الأول، أن المراد بالنحر ذبح المناسك. اهـ

تفسير ابن كثير ت سلامة (٣ / ٣٨٢): قال مجاهد في قوله: {إن صلاتي ونسكي} قال: النسك: الذبح في الحج والعمرة. وقال الثوري، عن السدي عن سعيد بن جبیر: {ونسكي} قال: ذبحي. وكذا قال السدي والضحاك. اهـ

সালাত, আমার জবাই , আমার জীবন, আমার মরণ সবকিছু কেবল
আল্লাহ রাব্বুল আলামীনের জন্য।’

সকল মিল্লাতেই সালাত ও পশু জবাইয়ের বিধান রয়েছে, অন্য কোনো
কিছু এগুলোর স্থলাভিষিক্ত হয় না। এ জন্য হজেজ কিরান ও হজেজ
তামাত্তু- এর দম আদায় না করে, শত-হাজার গুণ মূল্য সাদাকা করলেও
দমের বদল হবে না। কুরবানীর ক্ষেত্রেও বিষয়টা এমনই (যে, কুরবানী
না করে শত-হাজার গুণ মূল্য সাদাকা করলেও কুরবানীর বদল হবে
না।)।” -তুহফাতুল মাওদুদ বি আহকামিল মাওলুদ : ৬৫

আরও দেখুন, ফাতওয়া: ১১০- [আকিকার টাকা সদকা করে দিলে কি
আকিকা আদায় হবে?](#)

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)



২৩-০৫-১৪৪৫ হি.

০৮-১২-২০২৩ ঙ্.